

অফিস আদেশ

যেহেতু আপনি জনাব মোঃ রিয়াজ উদ্দিন, স্কেলভুক্ত মাস্টাররোল সড়ক শ্রমিক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচিব দপ্তরে অফিস সহায়ক হিসেবে কর্মরত আছেন;

যেহেতু আপনি উৎকোচ গ্রহণের বিনিময়ে অফিসের গুরুত্বপূর্ণ গোপনীয় নথির তথ্য পাচার করেছেন। উক্ত তথ্য পাচারের ফলে গত ১৯/০৯/২০১৬ খ্রিঃ তারিখ আনুমানিক ২.৩০ ঘটিকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সচিব দপ্তরে ফাইল তখনই, কর্মচারীদেরকে প্রহার, সচিবকে নাজেহাল করার মত অনৈতিক ও বেআইনী কর্মকান্ড সংঘটিত হয়েছে এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ভাবমূর্তি ও কর্মপরিবেশ বিনষ্ট হয়েছে।

যেহেতু সংঘটিত ঘটনার বিষয়ে গঠিত তদন্ত কমিটি আপনাকে দায়ী করে তদন্ত প্রতিবেদন দাখিল করেছে।

যেহেতু আপনার এরূপ কার্যকলাপ অসদাচরণ ও প্রচলিত আইন/বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এ কারণে আপনাকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মে নিয়োজিত রাখা সমীচীন নয় বলে বিবেচিত হয়েছে।

যেহেতু আপনাকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের চাকুরী হতে চূড়ান্তভাবে কর্মচ্যুত করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


জনাব মোঃ রিয়াজ উদ্দিন
অফিস সহায়ক (সড়ক শ্রমিক)
সচিব দপ্তর
ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে

স্বাক্ষরিত/-
(দুলাল কৃষ্ণ সাহা)
সচিব(যুগ্মসচিব)
ফোন : ৮৮৩৪৯৩০
ফ্যাক্স : ৮৮৩৪৯৬৩
তারিখ : ০২/০২/২০২১

স্মারক নং-৪৬.২০৭.০১৮.০০৭.০৩.০০.৫৩.২০১১-২-১-১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ০১। বিভাগীয় প্রধান সকল-----, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, (সকল), অঞ্চল-----, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সিষ্টেমস এনালিস্ট, আইসিটি সেল (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। মেয়র মহোদয়ের একান্ত সচিব, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, (সকল), অঞ্চল-----, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৮। সহকারী সচিব (সকল)----- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ০৯। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ১০। অফিস কপি।


০২/০২/২১
(মোঃ মনোয়ার হোসেন)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-২
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।